# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**19 DECEMBER 2024** **7:45—7:55 PM IST**

==========================================================

১। রাজভবনের সম্মুখে এখন থেকে কোনধরণের বিক্ষোভ কার্যসূচী পালন করার অনুমতি প্রদান করা হবেনা বলে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মার ঘোষণা ।

২। আসাম পুলিশের বিশেষ শাখার কেরালা ও পশ্চিমবঙ্গ পুলিশের সঙ্গে যৌথ অভিযানে মৌলবাদী সংগঠনের ৮ জন সদস্যকে গ্রেপ্তার ।

৩। গুয়াহাটী হাইকোর্টের আসামে পঞ্চায়েত নির্বাচনের বিজ্ঞপ্তি জারি করার ক্ষেত্রে রাজ্য নির্বাচন কমিশনের ওপর ৯ জানুয়ারী পর্যন্ত নিষেধাজ্ঞা আরোপ ।

এবং

৪। রাজ্যের বিদ্যালয় শিক্ষা বিভাগের স্কুল চলাকালীন সময়ে শিক্ষকদের ব্যাক্তিগত কাজে সচিবালয় , সঞ্চালকালয় ,জেলা কার্যালয় ইত্যাদিতে না যাওয়ার নির্দেশ ।

---

রাজভবনের সামনে এখন থেকে কোনধরণের বিক্ষোভ কার্যসূচী পালন করার অনুমতি প্রদান করা হবেনা বলে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা জানান ।তিনি বলেন যে প্রতিবাদ সাব্যস্ত করার জন্য ইতিপূর্বে নির্দিষ্ট স্থান নির্ধারণ করে দেওয়া হয়েছে ।রাজ্যপালের সাংবিধানিক পদমর্যাদা দলীয় রাজনীতির উর্ধে বলে উল্লেখ করে মুখ্যমন্ত্রী অভিযোগ করে বলেন যে গতকাল কংগ্রেস দলের নেতারা পুলিশের বেষ্টনী ভঙ্গ করে রাজভনে

বলপূর্বক প্রবেশ করার প্রয়াস করা সহ বিশৃঙ্খলার সৃষ্টি করেছিল ।পুলিশ এই বিষয়ে ব্যবস্থা গ্রহণ করবে বলে মুখ্যমন্ত্রী জানান ।
এদিকে রাজধানী দিসপুরে আইন শৃঙ্খলা পরিস্থিতি বজায় রাখার জন্য গুয়াহাটী পূর্ব জেলার উপ আয়ুক্ত মৃণাল ডেকা বেশ কিছু নিষেধাজ্ঞা জারি করেছেন । ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতার ১৬৩ নম্বর ধারার অধীনে ৫ জনের বেশী লোকের সমাগম , অনুমতি ছাড়া প্রতিবাদ , শোভাযাত্রা , শ্লোগান দেওয়ার ক্ষেত্রে নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------

কংগ্রেস দলের গতকাল গৌহাটীতে রাজভবন  চলো অভিযানের খবর সংগ্রহ করতে যাওয়া সাংবাদিকদের পুলিশের কাঁদানে গ্যাস প্রয়োগের ফলে আহত হওয়ার ঘটনার পরিপ্রেক্ষিতে আজ রাজ্যের সাংবাদিকরা কালো ব্যাজ পরিধান করে প্রতিবাদ কার্যসূচী পালন করেন ।গৌাহাটী প্রেসক্লাবে আজ এক সভায় বিভিন্ন সংবাদ প্রতিষ্ঠানের কর্মীরা মিলিত হয়ে এধরণের ঘটনার তীব্র নিন্দা জানান তথা ভবিষ্যতে যাতে এধরণের ঘটনার পুনরাবৃত্তি নাহয় এবং সাংবাদিকদের সুরক্ষা নিশ্চিত করার আহ্বান জানান ।উল্লেখ্য গতকাল কংগ্রেস দলের রাজভবন চল অভিযানে পুলিশের কাঁদানে গ্যাস প্রয়োগের ফলে একজন কংগ্রেস কর্মী আহত হন এবং পরে হাসপাতালে তাঁর মৃত্যু হয় ।এই ঘটনায় একটি বৈদ্যুতিন চ্যানেলের একজন প্রবীণ সাংবাদিক সহ বেশ কয়েকজন সাংবাদিক আহত হন ।

---------------------------------------------------------------------------------

আসাম পুলিশের বিশেষ শাখা কেরালা ও পশ্চিমবঙ্গ পুলিশের সঙ্গে যৌথভাবে অভিযান চালিয়ে মৌলবাদী সংগঠনের ৮ জন সদস্যকে গ্রেপ্তার করেছে ।এর মধ্যে কেরালা থেকে গ্রেপ্তার করা একজন অভিযুক্ত বাংলাদেশী নাগরিক বলে পুলিশ সূত্রে প্রকাশ করা হয়েছে ।'প্রঘাত ' নামের এই অভিযানের অধীনে গোপন সূত্রের খবরের ভিত্তিতে পুলিশ দেশ বিরোধী কার্যকলাপ প্রতিহত করার প্রয়াস করছে ।আজ গৌহাটীতে আসাম পুলিশের মুখ্য কার্যালয়ে আয়োজিত সাংবাদিক সম্মেলনে পুলিশের বিশেষ সঞ্চালক প্রধান হরমিত সিং , পুলিশের মহা পরিদর্শক পার্থসারথি মহন্তের উপস্থিতিতে এই বিষয়ে জানান ।গ্রেপ্তার করা লোকেদের কাছ থেকে বেশকিছু আপত্তিজনক নথিপত্র , মোবাইল ফোন ইত্যাদি বাজেয়াপ্ত করা হয়েছে ।এই তথ্য প্রমাণের ভিত্তিতে বাংলাদেশ ও পাকিস্তানের বেশকিছু সন্দেহভাজন গোষ্ঠির সঙ্গে এদের যোগাযোগ রয়েছে বলে পুলিশ নিশ্চিত করেছে ।

---------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা ( সি বি আই ) আর্থিক অনিয়ম মামলায় গৌহাটীর সিবিআইর বিশেষ আদালতে তিনজন অভিযুক্তের বিরুদ্ধে একটি পরিপূরক আভিযোগনামা দাখিল করেছে ।সবিন বর্মন , দিপালী তালুকদার বর্মন , এবং মুকেশ আগরওয়াল নামের তিনজন লোকের বিরুদ্ধে অভিযোগনামা দাখিল করা হয়েছে ।অভিযুক্ত তিজন বর্তমানে বিচার বিভাগীয় হেফাজতে রয়েছে ।এদিকে এই মামলায় ইতিমধ্যে অভিযোগনামা দাখিল হওয়া মনালিসা দাস নামের আরো একজন অভিযুক্তের বিরুদ্ধে অতিরিক্ত তথ্য প্রমাণ দাখিল করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------

গৌহাটী হাইকোর্ট আসামে পঞ্চায়েত নির্বাচনের বিজ্ঞপ্তি জারী করার ক্ষেত্রে রাজ্য নির্বাচন কমিশনের ওপর ৯ জানুয়ারী পর্যন্ত নিষেধাজ্ঞা আরোপ করেছে । আসাম সরকারের পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ পঞ্চায়েতের সমষ্টি পুনরনির্ধারণ সম্পর্কে গত তেসরা আগস্ট জারি করা বিজ্ঞপ্তির প্রত্যাহ্বান জানিয়ে জারি করা বেশ কয়েকটি লিখিত আবেদন সম্পর্কে বিচারপতি সৌমিত্র শইকিয়ার আদালত ১৭ ডিসেম্বর এই নির্দেশ জারি করেছে । আবেদনকারীরা কোনো একটি অঞ্চলে বৃহৎ জনসংখ্যা একই পঞ্চায়েতের অধীনে অর্ন্তভুক্ত করা সহ বেশকয়েকটি সংশোধিত বিধির বৈধতার প্রত্যাহ্বান জানিয়েছিলো । আদালত এই মামলার পরবর্তী শুনানীর দিন আগামী ৯ জানুয়ারী ধার্য করেছে এবং ততদিন পর্যন্ত পঞ্চায়েত  নির্বাচনের বিজ্ঞপ্তি জারি না করতে রাজ্য নির্বাচন কমিশনকে নির্দেশ দিয়েছে ।

---------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় সরকার এক দেশ এক নির্বাচন সম্পর্কীত দুটি বিল ৩১ জন সাংসদকে নিয়ে গঠিত যৌথ সংসদীয় সমিতির কাছে প্রেরণ করবে । এই প্রস্তাবিত সমিতিতে ২১ জন লোকসভার সদস্য এবং ১০ জন রাজ্যসভার সদস্য থাকবেন । সাংসদদের মধ্যে বিজেপি নেতা পি পি চৌধুরী , অনুরাগ সিং ঠাকুর , পুরুষোত্তমভাই রূপালা , কংগ্রেস নেতা প্রিয়ংকা গান্ধী ও মণীষ তিওয়ারী ,টি এম সির কল্যাণ ব্যানার্জী এবং এন সি পি (এস পি )র সুপ্রিয়া সুলেও রয়েছেন । এই বিল দুটির নাম আনুষ্ঠানিকভাবে সংবিধানের একশ ঊনত্রিশ সংখ্যক সংশোধনী বিল , ২০২৪ হিসেবে রাখা হয়েছে ।

---------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় সরকার অরুণাচল প্রদেশের সড়ক উন্নয়ন প্রকল্পের জন্য ৩৯৮ কোটি টাকায় অনুমোদন জানিয়েছে । কেন্দ্রীয় সড়ক পরিবহন ও মহাসড়ক মন্ত্রী  নীতিন গাড়কারি বলেছেন যে কেন্দ্রীয় সড়ক ও পরিকাঠামো নিধির অধীনে ২০২৪-২৫ বর্ষে ১৯ টি রাজ্য জেলা সড়ক উন্নয়ন প্রকল্পের জন্য এই অর্থ বরাদ্দ করা হয়েছে । এর মাধ্যমে

সীমান্ত অঞ্চলসমূহের প্রত্যন্ত এলাকাগুলিতেও যোগাযোগ ব্যাবস্থা উন্নত করে তোলা সহ সমগ্র রাজ্যে সামাজিক-অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্য নির্ধারণ করা হয়েছে । এই পদক্ষেপ কেন্দ্রীয় সরকারের উত্তর-পূর্ব উন্নয়ন খন্ডের লোকেদের জীবন ধারণের মান উন্নত করা ,প্রত্যন্ত এলাকাগুলির পরিকাঠামো সহ আঞ্চলিক উন্নয়ন সাধনের ক্ষেত্রে সরকারের প্রতিশ্রুতিবদ্ধতাকে প্রতিফলিত করছে বলে কেন্দ্রীয় মন্ত্রী জানান ।

-----------------------------------------------------------------------------------

রাজ্যের বিদ্যালয় শিক্ষা বিভাগ বিদ্যালয় চলাকালীন সময়ে শিক্ষকদের ব্যাক্তিগত কাজে সচিবালয় , সঞ্চালকালয় , জেলা কার্যালয় , খন্ড উন্নয়ন কার্যালয় ইত্যাদিতে না যাওয়ার নির্দেশ জারি করেছে ।বিদ্যালয় শিক্ষা বিভাগের সচিব নারায়ন কোঁয়রের স্বাক্ষরিত এই নির্দেশে স্কুল ছুটির পর শিক্ষকরা ব্যক্তিগত কাজে এইসব স্থানে যেতে পারবেন বলে উল্লেখ করা হয়েছে ।স্কুলে নিয়মিত পাঠদান সহ শিক্ষা সংক্রান্ত নিয়মানুবর্তিতা বজায় রাখার স্বার্থে এই নির্দেশ কঠোরভাবে মেনে চলতে বলা হয়েছে ।

-----------------------------------------------------------------------------------

ডিমা হাসাও জেলার হাফলং এ আজ প্রাথমিক শিক্ষা বিভাগের অধীনে ৩৪০ জন প্রার্থীকে শিক্ষক হিসেবে নিযুক্তি পত্র প্রদান করা হয়েছে । উত্তর-কাছাড় স্বশাসিত পরিষদের মূখ্য কার্যবাহী সদস্য দেবোলাল গার্লোসা এই নিযুক্তি পত্রগুলি বিতরন করেন । শ্রী গার্লোসা নতুন নিযুক্তি লাভ করা শিক্ষকদের শিক্ষার মান উন্নত করার ক্ষেত্রে সহযোগীতা করতে নিষ্ঠার সঙ্গে কাজ করে যাবার আহ্বান জানান ।

-----------------------------------------------------------------------------------

কাছাড়ের জেলা আয়ুক্ত মৃদুল যাদব আজ শিলচর ট্রাঙ্ক রোডে ডিষ্ট্রিক্ট আর্লি ইনটারভেনশন সেন্টারের উদ্বোধন করেছেন । উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে জেলা আয়ুক্ত শ্রী যাদব বলেন যে শূন্য থেকে ১৮ বছর বয়স পর্য্যন্ত শিশুদের এই হাসপাতালে চিকিৎসা পরিষেবা প্রদান করা হবে , যার ফলে জেলা হাসপাতাল ও শিলচর মেডিকেল কলেজ ও হাসপাতালে ভীড় অনেকটা কম হবে । আজ প্রথম দিনে ২৪৯ টি শিশুর চিকিৎসা করা হয়েছে । উদ্বোধনী অনুষ্ঠানে জেলার যুগ্ম সঞ্চালক ডক্টর আশুতোষ কুমার বর্মন , সতীন্দ্র মোহন দেব সিভিল হাসপাতালের সুপার ডক্টর অরূপ পাটোয়া ,মহামারী স্বাস্থ্য আধিকারীক ডক্টর শিবানন্দ রায় প্রমূখ উপস্থিত ছিলেন ।

-----------------------------------------------------------------------------------

আসাম রাজ্য দূর্যোগ ব্যাবস্থাপনা কর্তৃপক্ষের সহযোগীতায় আজ কাছাড় জেলা দূর্যোগ ব্যাবস্থাপনা কর্তৃপক্ষ বন্যা বিপর্যয়ের ওপর রাজ্য-স্তরের মকড্রিলের আয়োজন করে । মকড্রিলটি ভাগা বাজারে একটি সেতু ধ্বসে পড়ার দৃশ্যের অনুকরণ করে সব লাইন

বিভাগ এবং কেন্দ্রীয় সংস্থাগুলির সমন্বিত প্রতিক্রিয়া পরীক্ষা করে । ড্রিলটির লক্ষ্য ছিলো জটিল পরিস্থিতি মোকাবিলায় দুর্যোগ ব্যাবস্থাপনা প্রোটোকলের প্রস্তুতি এবং দক্ষতা মূল্যায়ন করা । সেনাবাহিনী ,আসাম রাইফেলস ,সি আর পি এফ এবং বর্ডার সিকিউরিটি ফোর্স সহ রাজ্য সরকারের বিভিন্ন বিভাগ ও সংস্থার প্রতিনিধিরা মহড়ায় সক্রিয়ভাবে অংশগ্রহণ করেন ।

---------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলা প্রশাসনের উদ্যোগে আজ থেকে জেলাজুড়ে চর্তুথ সুশাসন সপ্তাহ পালন শুরু হয়েছে । সুশাসন সপ্তাহে জনসাধারনের অভাব-অভিযোগগুলির নিষ্পত্তি করতে বিশেষ ব্যবস্থা গ্রহন করা হবে । এ জন্য রাজস্ব চক্র আধিকারীকের কার্য্যলয়ে বিভিন্ন কর্মসূচী গ্রহন করা হবে । আগামী ২৪শে ডিসেম্বর পর্য্যন্ত সুশাসন সপ্তাহ পালন করা হবে ।

---------------------------------------------------------------------------------------

শ্রীভূমির জেলা কৃষি আধিকারীক এক বিজ্ঞপ্তীতে জেলার সব পি এম কিষান হিতাধিকারীদের আগামী ২৮শে ডিসেম্বরের মধ্যে আলু চাষের হিতাধিকারী হিসেবে প্রধানমন্ত্রী ফসল বীমা যোজনায় নাম পঞ্জীয়ন করার আহ্বান জানিয়েছেন । বিজ্ঞপ্তীতে হিতাধিকারীদের নিকটবর্তী কমন সার্ভিস সেন্টার , কৃষি সখী , জীবিকা সখী , এস বি আই জেনারেল ইন্সুরেন্স কোম্পানী , রামকৃষ্ণনগরের মহকুমা কৃষি আধিকারীকের কার্য্যালয় বা শ্রীভূমি জেলা কৃষি আধিকারীকের কার্য্যলয়ে যোগাযোগ করে নাম পঞ্জীয়ন করতে হবে । নাম নথিভুক্ত না করলে , হিতাধিকারীরা পি এম কিষান সম্মান নিধি যোজনার সুবিধা থেকে বঞ্চিত হতে পারেন বলে জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

ছাত্র সংগঠন এ আই ডি এস ও-র কাছাড় জেলা কমিটির উদ্যোগে আজ শিলচরে স্বাধীনতা সংগ্রামী রামপ্রসাদ বিসমিল ও আসফকউল্লা খানের শহীদ দিবস পালন করা হয়েছে । এ উপলক্ষ্যে আজ শিলচর রাঙ্গিরখাড়ি নেতাজী মূর্তির পাদদেশে রামপ্রসাদ বিসমিল ও আসফাকাউল্লা খানের প্রতি শ্রদ্ধা জানানো হয়েছে । পরে এই দুই স্বাধীনতা সংগ্রামীর জীবন ও আর্দশ নিয়ে সংগঠনের জেলা সভাপতি স্বাগতা ভট্টাচার্য্য , সাধারন সম্পাদক স্বপন চৌধুরী প্রমূখ বক্তব্য রাখেন ।

---------------------------------------------------------------------------------------

উত্তর শ্রীভূমি বিধানসভা কেন্দ্রের খেল মহারণের দ্বিতীয় পর্বের প্রতিযোগীতা আগামী সোমবার সকাল ৯ টায় শ্রীভূমি জেলা ক্রীড়া সংস্থার খেলার মাঠে অনুষ্ঠিত হবে । আগামী সোমবার ওই মাঠেই সকাল ৮টায় অ্যাথেলেটিক্স ও কাবাডি প্রতিযোগীতা

অনুষ্ঠিত হবে । এছাড়া আগামী ২৪শে ডিসেম্বর মালুয়া শ্রীগৌরী গ্রামের আনগাঙ্গ খেলার মাঠে সকাল ৮টায়  ভলিবল ও ফুটবল , ২৫শে ডিসেম্বর সকাল ৭টায় করিমগঞ্জ কলেজের খেলার মাঠ থেকে আকবরপুর কৃষি বিজ্ঞান কেন্দ্র পর্য্যন্ত সাইক্লিং প্রতিযোগীতা এবং ঔই দিনই বিকেল তিনটায় জেলা ক্রিড়া সংস্থার মাঠে প্রতিযোগীতার সমাপ্তি হবে ।

-----------------------------------------------------------------------------------------